

## COVID-19 attendance advice for families

| NSW শিক্ষা বিভাগ

## পরিবারের জন্য COVID-19 উপস্থিতি পরামর্শ

১৪ই আগস্ট ২০২০ তারিখে [NSW Health](#) স্কুলের জন্য COVID-19 বিষয়ক নতুন পরামর্শ প্রদান করেছে। এটি আমাদের স্কুল পরিচালনার পদ্ধতিতে পরিবর্তন আনবে।

যেসকল শিশু সর্দি বা ফ্লু জাতীয় লক্ষণ নিয়ে অসুস্থ, তাদের সামান্য লক্ষণ থাকলেও তাদের বাড়িতে থাকা উচিত। যে শিশুরা স্কুলে অসুস্থ হয়ে পড়বে তাদের অসুস্থ বেডে রাখা হবে এবং তাদের বাড়িতে নিয়ে যাওয়ার ব্যবস্থা করা হবে।

- অসুস্থ বা এমনকি হালকা ফ্লু জাতীয় লক্ষণ রয়েছে এমন কাউকে তাদের স্থানীয় চিকিৎসক বা [COVID-19 clinics](#) (ক্লিনিকের) মাধ্যমে পরীক্ষা করার জন্য উৎসাহিত করতে NSW স্বাস্থ্য বিভাগ স্কুলগুলোকে অনুরোধ করেছে।
- ফ্লু জাতীয় লক্ষণযুক্ত শিক্ষার্থী এবং কর্মীদের স্কুলে ফিরে যাওয়ার অনুমতি দেওয়ার আগে COVID-19 পরীক্ষার নেগেটিভ ফলাফলের একটি অনুলিপি সরবরাহ করতে হবে।

## টেলিফোন দোভাষী সেবা

আপনার যদি আরও তথ্যের প্রয়োজন হয় তাহলে আপনার স্কুলের অধ্যক্ষকে ফোন করুন। আপনার অনুসন্ধান সহায়তার জন্য যদি আপনার একজন দোভাষীর সহায়তা প্রয়োজন হয়, দয়া করে টেলিফোন দোভাষী সেবায় 13 14 50 নম্বরে কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য বলুন। বিনামূল্যে আপনাকে এই সেবা দেয়া হবে।